

■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৮১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১৬]

১০/ আযান (ক্তাব আলায়ান)

পরিচ্ছেদঃ ৪৬২. সালাতে ইমাম কেঁদে ফেললে।

بَابِ إِذَا بَكَّى الْإِمَامُ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنْسٍ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي مَرَضِهِ "مُرُوا أَبَا بَكْرٍ يُصَلِّي بِالنَّاسِ". قَالَتْ عَائِشَةُ قُلْتُ إِنَّ أَبَا بَكْرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعِ النَّاسَ مِنَ الْبُكَاءِ، فَمَرِّ عُمَرَ فَلَيُصَلِّ. فَقَالَ "مُرُوا أَبَا بَكْرٍ فَلَيُصَلِّ لِلنَّاسِ". قَالَتْ عَائِشَةُ لِحَفْصَةَ قُولِيَ لَهُ إِنَّ أَبَا بَكْرٍ إِذَا قَامَ فِي مَقَامِكَ لَمْ يُسْمِعِ النَّاسَ مِنَ الْبُكَاءِ، فَمَرِّ عُمَرَ فَلَيُصَلِّ لِلنَّاسِ. فَفَعَلَتْ حَفْصَةُ. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "مَهْ، إِنَّكُنَّ لَأَنْتُنَّ صَوَّاحِبُ يُوسُفَ، مُرُوا أَبَا بَكْرٍ فَلَيُصَلِّ لِلنَّاسِ". قَالَتْ حَفْصَةُ لِعَائِشَةَ مَا كُنْتُ لَأُصِيبَ مِنْكِ خَيْرًا.

বাংলা

وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ شَدَّادٍ سَمِعْتُ نَسِيْجَ عُمَرَ وَأَنَا فِي آخِرِ الصُّفُوفِ يَقْرُأُ: (إِنَّمَا أَشْكُوْ بَثَّيْ وَحُزْنِي إِلَى اللَّهِ) আবদুল্লাহ ইবন শাদাদ (রহঃ) বলেন, আমি পেছনের কাতার থেকে উমর (রাঃ) এর চাপা কানার আওয়াজ শুনেছি। তিনি তখন (إِنَّمَا أَشْكُوْ بَثَّيْ وَحُزْنِي إِلَى اللَّهِ) আমি আমার দুঃখ ও বেদনার অভিযোগ একমাত্র আল্লাহর নিকটই (পেশ করছি)-এ আয়াত তিলাওয়াত করছিলেন।

৬৮১। ইসমাইল (রহঃ) ... উম্মুল মুমিনীন আয়িশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্তিম রোগে আক্রান্ত অবস্থায় বললেনঃ আবু বকরকে লোকদের নিয়ে সালাত (নামায/নামাজ) আদায় করতে বল। আয়িশা (রাঃ) বলেন, আমি তাঁকে বললাম, আবু বকর (রাঃ) যখন আপনার স্থলে দাঁড়াবেন, তখন কানার কারণে সাহাবীগণ কিছুই শুনতে পারবেন না। কাজেই উমর (রাঃ) কে লোকদের নিয়ে সালাত আদায়

করতে নির্দেশ দিন। তিনি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আবার বললেনঃ আবু বকরকে বল লোকদের নিয়ে সালাত আদায় করে নিতে।

আয়িশা (রাঃ) বলেন, তখন আমি হাফসা (রাঃ) কে বললাম, তুমি তাঁকে বল যে, আবু বকর (রাঃ) যখন আপনার স্থানে দাঁড়াবেন, তখন কান্নার কারণে সাহাবীগণকে কিছুই শোনাতে পারবেন না। কাজেই উমর (রাঃ)-কে বলুন তিনি যেন সাহাবীগণকে নিয়ে সালাত আদায় করেন। হাফসা (রাঃ) তাই করলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ চুপ কর! তোমরা ইউসুফের সাথী নারীদেরই মত। আবু বকরকে বল সে যেন লোকদের নিয়ে সালাত (নামায/নামাজ) আদায় করে। এতে হাফসা (রাঃ) আয়িশা (রাঃ) কে (অভিমান করে) বললেন, তোমার কাছ থেকে আমি কখনো আমার জন্য হিতকর কিছু পাইনি।

English

Narrated `Aisha:

the mother of the faithful believers: Allah's Messenger (s) in his last illness said, "Tell Abu Bakr to lead the people in the prayer." I said, "If Abu Bakr stood in your place, he would not be able to make the people hear him owing to his weeping. So please order `Umar to lead the prayer." He said, "Tell Abu Bakr to lead the people in the prayer." I said to Hafsa, "Say to him, 'Abu Bakr is a softhearted man and if he stood in your place he would not be able to make the people hear him owing to his weeping. So order `Umar to lead the people in the prayer.' " Hafsa did so but Allah's Messenger (s) said, "Keep quiet. Verily you are the companions of (Prophet) Joseph. Tell Abu Bakr to lead the people in the prayer." Hafsa said to me, "I never got any good from you."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=688>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন